

একটি টিকিট কিনলে আরেকটি ফ্রি দিচ্ছে ফার্স্ট ট্রিপ

- A Monitor Desk Report

Date: 08 February, 2025



ঢাকা: আন্তর্জাতিক পর্যটন মেলার ২০তম আসরে একটি এয়ার টিকিট কিনলেই আরেকটি ফ্রি দিচ্ছে দেশের জনপ্রিয় ডিজিটাল ট্রাভেল প্ল্যাটফর্ম ফার্স্ট ট্রিপ।

৬ ফেব্রুয়ারি থেকে আগামী ৮ ফেব্রুয়ারি পর্যন্ত দেশের সব 'ডমেষ্টিক রুটে' এ অফার পাওয়া যাবে।

বৃহস্পতিবার (৬ ফেব্রুয়ারি) ফার্স্ট ট্রিপের চিফ অপারেটিং অফিসার হাসনাইন রফিক এ তথ্য জানিয়েছেন।

বিটুসি প্ল্যাটফর্মের প্রবর্তনের মাধ্যমে ফার্স্ট ট্রিপ ব্যবহারকারীদের তাৎক্ষণিক ফ্লাইট বুকিং, হোটেল রিজার্ভেশন, ভিসা প্রসেসিং, হলিডে প্যাকেজ এবং আকর্ষণীয় ভ্রমণ পরিকল্পনা চূড়ান্তকরণসহ সবকিছুই একটি সহজ ও সমন্বিত যোগাযোগী ওয়েবসাইট এবং মোবাইল অ্যাপের মাধ্যমে পাওয়া যাবে। ঢাকা ট্রাভেল মার্চ ২০২৫-এ ফার্স্ট ট্রিপ ট্রাভেল পোর্টালটি বিটুসি এর সফলতার পর বিটুসি উদ্বোধনের মাধ্যমে সব শ্রেণীর গ্রাহকদের কাছে পৌঁছাতে সক্ষম হবে।

এ বিষয়ে ফার্স্ট ট্রিপের চিফ অপারেটিং অফিসার হাসনাইন রফিক বলেন, বাংলাদেশের সবচেয়ে বড় ও জনপ্রিয় ইভেন্ট ইউএস-বাংলা ঢাকা ট্রাভেল মার্চ ২০২৫-এ আমাদের বিটুসি পরিষেবা চালু করতে পেরে আমরা আনন্দিত।

এছাড়া আমাদের প্ল্যাটফর্মটি ভ্রমণ পরিকল্পনাকে সহজ করার জন্য ডিজাইন করা হয়েছে, এটি প্রত্যেকের জন্য আরও ব্যবহারযোগ্য এবং সুবিধাজনক করে তুলবে। এবারের মেলা উপলক্ষে আমরা দেশের সব রুটের এয়ার টিকিট বাই ওয়ান গেট ওয়ান অফার দিচ্ছি। এক্ষেত্রে

ইউএসবাংলা এয়ারলাইনস এবং এয়ার এস্ত্রাতে ভ্রমণ করলে এই সুবিধা পাওয়া যাবে।

-B